একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত আদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)

নং স্বাপকম/নাসা/বিএনসি/(অর্ডিন্যান্স) -২/২০০৮/৪২৭

তারিখ ২৮/০৩/১৪১৬ বাং
১২/০৭/২০০৯ইং

প্রজ্ঞাপন

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বেসরকারী পর্যায়ে নার্সিং কলেজ/নার্সিং প্রতিষ্ঠান স্থাপন ও নার্সিং কোর্স চালুকরণ সংক্রান্ত নীতিমালা নিম্নোক্তভাবে প্রণয়ন করা হয়েছে ঃ

বাংলাদেশ নার্সিং কাউন্সিল অর্ডিন্যান্স ১৯৮৩ (১৯৮৩ সালের ৬১ নং অর্ডিন্যান্স) এর আলোকে বেসরকারী পর্যায়ে নার্সিং কোর্সসমূহ পরিচালনার জন্য বিদ্যমান বেসরকারী পর্যায়ে নার্সিং ইনস্টিটিউট স্থাপনের নীতিমালা ও বেসরকারী পর্যায়ে বিএসসি নার্সিং কোর্স চালু করণ সংক্রান্ত নীতিমালা দুটি সমন্বয় করে সময়োপযোগী একটি নীতিমালা প্রণয়ন করা হলোঃ

১. শিরোনাম ঃ

এই নীতিমালা "বেসরকারী পর্যায়ে নার্সিং কলেজ/নার্সিং প্রতিষ্ঠান স্থাপন ও নার্সিং কোর্স চালুকরণ সংক্রান্ত নীতিমালা" নামে অভিহিত হবে ।

২. নীতিমালার প্রয়োগ ঃ

২.১ এই নীতিমালা বাংলাদেশের অভ্যন্তরে ডিপ্লোমা নার্সিং/ডিপ্লোমা উত্তর বিএসসি নার্সিং/বিএসসি নার্সিং/স্নাতকোত্তর নার্সিং কোর্স চালু করতে আগ্রহী অথবা এই কোর্সসমূহ বর্তমানে পরিচালনা করছে সে সব বেসরকারী প্রতিষ্ঠানের জন্য আবশ্যিকভাবে পালনীয় নির্দেশক হবে।

২.২ বেসরকারী পর্যায়ে নার্সিং কোর্সসমূহ পরিচালনার প্রশাসনিক অনুমোদন / অনাপত্তি প্রদানের সকল ক্ষমতা বাংলাদেশ বাংলাদেশ সরকারের পক্ষে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সংরক্ষণ করবে।

২.৩ এই নীতিমালা নার্সিং কোর্সসমূহ পরিচালনায় একাডেমীক অনুমোদন প্রদানের নির্দেশক হিসেবে কাজ করবে।

২.৪ এই নীতিমালার লংঘন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে নার্সিং কোর্স অনুমোদন বাতিলের কারণরূপে গণ্য হবে।

৩. মুল উদ্দেশ্য ঃ

৩.১ বেসরকারী পর্যায়ে নার্সিং কোর্স চালুকরণের দিক নির্দেশনা প্রদান করা।

৩.২ শিক্ষার গুণগত মান ও সুষ্ঠু পরিচালনা ব্যবস্থা নিশ্চিত করে সুদক্ষ নার্স গড়ে তোলা।

৩.৩ উন্নত দেশের চাহিদার সাথে সংগতি রেখে আন্তর্জাতিক মানের দক্ষ নার্স তৈরীসহ দেশে ও বিদেশে তাদের কর্মসংস্থানের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নে সহায়তা প্রদান করা।

৩.৪ উন্নত বিশ্বের বিশ্ববিদ্যালয়ের সাথে চুক্তির মাধ্যমে বিশ্বের উদ্ভাবিত ও প্রচলিত উন্নত শিক্ষা পদ্ধতি ও প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে দেশে ও বিদেশে নার্সিং সেবা প্রদানের জন্য দক্ষ জনশক্তি তৈরী করা।

৪. অধিক্ষেত্র ঃ

৪.১ বেসরকারী পর্যায়ে ডিপ্লোমা নার্সিং/ডিপ্লোমা উত্তর বিএসসি নার্সিং/বিএসসি নার্সিং কোর্স পরিচালনা ও নার্সিং প্রতিষ্ঠান/নার্সিং কলেজ স্থাপনের অনুমোদন/অনাপত্তি প্রদান।

৪.২ বেসরকারী পর্যায়ে উন্নতমানের নার্সিং শিক্ষা কার্যক্রম পরিচালনার মূল্যায়ণ ও পর্যালোচনা করা।

৪.৩ যে সমস্ত বেসরকারী প্রতিষ্ঠানকে শর্ত সাপেক্ষে অনুমোদন করা হয়েছে, সেগুলো নির্ধারিত সময়ের মধ্যে আরোপিত শর্তাদি পূরণ করছে কি-না এ সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও নির্দেশনা প্রদান করা।

৪.৪ বেসরকারী নার্সিং শিক্ষা কার্যক্রমের মানোন্নয়নের জন্য সকল জাতীয় নার্সিং শিক্ষা কার্যক্রম (যেমন- প্রশিক্ষণ, সেমিনার, সিম্পোজিয়াম, শিক্ষা সফর ইত্যাদি) পর্যাপ্ত পরিমানে উদ্যোক্তা প্রতিষ্ঠানকে আয়োজন ও বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

৫ কোর্স পরিচালনার জন্য অনুমোদন পদ্ধতি ঃ

৫.১ বেসরকারী প্রতিষ্ঠানের পরিচালক বা ব্যবস্থাপক/অধ্যক্ষ বাংলাদেশ নার্সিং কাউন্সিল এর রেজিস্ট্রার বরাবর আবেদন দাখিল করবেন। আবেদনের একটি অনুলিপি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিব বরাবর পাঠাতে হবে। আবেদনের ফরম ও অন্যান্য তথ্যসমূহ রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল হতে সংগ্রহ করে কাউন্সিলের নির্ধারিত ছক পূরণ পূর্বক আবেদন করবে।

৫.২ আবেদনকারী প্রতিষ্ঠানসমূহ সরকারের নীতিমালা এবং নির্দেশনাসমূহ আবশ্যিকভাবে মেনে চলবে মর্মে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে প্রচলিত মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা আবেদন পত্রের সঙ্গে প্রদান করবে। আবেদনকারী প্রতিষ্ঠান কোন হাসপাতাল হলে হাসপাতালটি পরিচালনার জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন আছে এ সংক্রান্ত প্রমানপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৫.৩ বেসরকারী পর্যায়ে বিএসসি নার্সিং কোর্স চালু করণের আবেদন প্রাপ্তির পর নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি টেকনিক্যাল কমিটি প্রস্তাবিত প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন পূর্বক যাবতীয় বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা করে দুই মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করবে ঃ

১) উপসচিব (নার্সিং ও জিআই), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় - আহবায়ক
২) পরিচালক সেবা পরিদপ্তর - সদস্য
৩) অধ্যক্ষ, কলেজ অব নার্সিং, মহাখালী, ঢাকা - সদস্য
৪) সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব (নার্সিং ও পরিদর্শন) - সদস্য
৫) বেসরকারী প্রতিষ্ঠানের (নার্সিং বিষয়ে বিশেষজ্ঞ) প্রতিনিধি (একজন) - সদস্য
৬) রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল - সদস্য সচিব

৫.৪ টেকনিক্যাল কমিটির সুপারিশের ভিত্তিতে এগার সদস্যের একটি নীতিনির্ধারিনী কমিটি বেসরকারী পর্যায়ে বিএসসি নার্সিং কোর্স চালু করণের জন্য মন্ত্রণালয়ের অনুমোদন/অনাপত্তি প্রদান করবে। এই কমিটি বছরে কমপক্ষে চার বার সভায় বসবে এবং টেকনিক্যাল কমিটির রিপোর্ট প্রাপ্তির পরবর্তী প্রথম সভায় সিদ্ধান্ত প্রদান করবে ঃ

১) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় - সভাপতি
২) সচিব, শিক্ষা মন্ত্রণালয় অথবা তার প্রতিনিধি - সদস্য
৩) মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর - সদস্য
৪) যুগ্ম-সচিব (হাসপাতাল ও নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়- সদস্য
৫) পরিচালক, সেবা পরিদপ্তর - সদস্য
৬) ডীন, ফ্যাকাল্টি অফ মেডিসিন/নার্সিং (সংশ্লিষ্ট পাবলিক বিশ্ববিদ্যালয়)- সদস্য
৭) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, প্রতিনিধি - সদস্য
৮) রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল - সদস্য
৯-১০) বেসরকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি (দুইজন) - সদস্য
১১) সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব (নার্সিং) - সদস্য সচিব

৫.৫ নার্সিং ডিপ্লোমা কোর্সের জন্য আবেদন প্রাপ্তির পর নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে পরিদর্শন কমিটি প্রস্তাবিত প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন পূর্বক অনুমোদন / অনাপত্তি প্রদানের জন্য বাংলাদেশ নার্সিং কাউন্সিলের নির্বাহী কমিটিতে প্রতিবেদন দাখিল করবে। এই কমিটি বছরে কমপক্ষে চার বার সভায় বসবে এবং অনুমোদন/অনাপত্তির বিষয়ে মতামত প্রদান করবে ঃ

১) রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল - সভাপতি
২) উপ-পরিচালক (শিক্ষা), সেবা পরিদপ্তর - সদস্য
৩) সিনিয়র সহকারী সচিব, (নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় - সদস্য
৪) লেকচারার, কলেজ অব নার্সিং, মহাখালী, ঢাকা - সদস্য
৫) নার্সিং ইনস্ট্রাক্টর, নার্সিং ইনস্টিটিউট (সেবা পরিদপ্তর কর্তৃক মনোনীত) - সদস্য
৬) বাংলাদেশ নার্সেস এসোসিয়েশনের প্রতিনিধি (একজন) - সদস্য
৭) ডেপুটি-রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল - সদস্য-সচিব

৫.৬. স্বাস্থ্য মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন/অনাপত্তি প্রাপ্তির ১ (এক) মাসের মধ্যে নার্সিং কাউন্সিল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের নিবন্ধিকরণের জন্য প্রয়োজনীয় শর্তাদি লিখিতভাবে জানিয়ে দিবে।

৫.৭ বাংলাদেশ নার্সিং কাউন্সিল অর্ডিন্যান্স ১৯৮৩ (১৯৮৩ সালের ৬১ নং অর্ডিন্যান্স) এর আলোকে সদ্য পাশকৃত বিএসসি নার্সিং ও ডিপ্লোমা নার্সকে পেশাগত স্বীকৃতি বাংলাদেশ নার্সিং কাউন্সিল প্রদান করবে।

৫.৮ বিএসসি নার্সিং ও ডিপ্লোমা উত্তর বিএসসি নার্সিং ডিগ্রীর একাডেমিক স্বীকৃতি বা সনদ প্রদানের ক্ষমতা একমাত্র অধিভুক্তি প্রদানকারী বিশ্ববিদ্যালয়ের থাকবে। ডিপ্লোমা নার্সিং কোর্সের ক্ষেত্রে উক্ত ক্ষমতা স্ব-স্ব প্রতিষ্ঠান সংরক্ষণ করবে।

৫.৯ উক্ত নীতিমালার বিধিবিধান যথাযথ প্রতিপালন সাপেক্ষে সরকার অনুমোদিত বেসরকারী মেডিকেল কলেজ ও বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলো উল্লেখিত ডিপ্লোমা নার্সিং/ ডিপ্লোমা উত্তর বিএসসি নার্সিং / বিএসসি নার্সিং/স্নাতকোত্তর কোর্স চালু করলে তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের একটি বিভাগ হিসাবে বা সংযুক্ত ইনষ্টিটিউট হিসাবে প্রতিষ্ঠা করতে পারবে।

৬. <u>কোর্স পরিচালনার গুণগত মান নিশ্চিতকরণে আবশ্যিক শর্তাবলী</u> **:**

৬.১ ছাত্র-ছাত্রী-শিক্ষক অনুপাতঃ তাত্ত্বিক শিক্ষার জন্য ছাত্র-ছাত্রী : শিক্ষক অনুপাত হবে ৪০:১ জন (বিষয় ভিত্তিক) । ব্যবহারিক শিক্ষার জন্য ছাত্র-ছাত্রী : শিক্ষক অনুপাত হবে ৮:১ জন।

৬.২ সার্বক্ষনিক বিষয়ভিত্তিক নার্স শিক্ষক ও কর্মচারী নিয়োগ দিতে হবে। প্রয়োজনে খন্ডকালীন শিক্ষক নিয়োগ দেওয়া যেতে পারে। কোন ক্রমেই এক চতুর্থাংশের (১/৪) বেশী খন্ডকালীন শিক্ষক নিয়োগ দেওয়া যাবে না। ইহা ডিপ্লোমা ও বিএসসি নার্সিং কোর্স উভয় ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৬.৩ প্রতিষ্ঠানটি ছাত্র-ছাত্রী অনুপাতে স্থান (স্পেস) নীতি অনুসরন পূর্বক প্রতি শিক্ষাবর্ষে ভর্তিকৃত ৫০ (পঞ্চাশ) জন ছাত্র/ছাত্রীর জন্য কমপক্ষে ৩০,০০০ (ত্রিশ হাজার) বর্গফুটের একাডেমিক ভবনে স্থাপিত হতে হবে। আবেদনপত্রের সাথে মালিকানা/ভাড়া সংক্রান্ত সঠিক কাগজপত্র (প্রমানাদি দলিল) অবশ্যই দাখিল করতে হবে। তবে প্রতিষ্ঠানকে ৭ বছরের মধ্যে নিজস্ব ভবনে স্থানান্তর করতে হবে এবং ছাত্র-ছাত্রী বৃদ্ধির সাথে সাথে আনুপাতিক হারে ভবনের পরিধি বৃদ্ধি করতে হবে।

<u>একাডেমিক ভবনের আবশ্যিক অবকাঠামো</u> **:**

নার্সিং কলেজ/বিএসসি নার্সিং কোর্সের ক্ষেত্রে প্রযোজ্য :

(১) শ্রেণী কক্ষ প্রতি ৫০ জনে-১টি।
(২) প্রয়োজনীয় আসবাব পত্রে সজ্জিত ল্যাবরেটরী-৭টি (নার্সিং ল্যাব, নিউট্রিশন ল্যাব, মাইক্রোবাইলোজী ল্যাব, এনাটমি ল্যাব, ফিজিওলজী ল্যাব, কম্পিউটার ল্যাব, মিডওয়াইফারী ল্যাব) । যদি উল্লেখিত প্রতিষ্ঠানের নিজস্ব মেডিকেল কলেজ থাকা অথবা কোন মেডিকেল কলেজের সাথে চুক্তিবদ্ধ থাকে তবে উক্ত মেডিকেল কলেজের ল্যাব সুবিধাদি ব্যবহার করা যেতে পারে।
(৩) সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক, প্রভাষক ও অন্যান্য শিক্ষকদের জন্য আলাদা আলাদা (আসবাবপত্রে সুসজ্জিত অফিস) কক্ষ।
(৪) অডিটরিয়াম (প্রয়োজনীয় আসবাব পত্রে সুসজ্জিত)
(৫) জেনারেল অফিস কক্ষ-১টি।
(৬) হিসাব রক্ষক ও ক্যাশিয়ারের কক্ষ-১টি।
(৭) অডিও ভিজ্যুয়াল এড রুম-১টি।
(৮) স্টোর রুম-১টি।

(৯) শ্রেণী কক্ষ, অফিস কক্ষ সংলগ্ন ও সাধারন ব্যবহারের জন্য প্রয়োজনীয় সংখ্যক প্রসাধন কক্ষ ।
(১০) কমন রুম-১ টি (ছাত্র-ছাত্রীদের জন্য উপযুক্ত পরিসরে ও প্রয়োজনীয় আসবাবপত্র সহ)।
(১১) লাইব্রেরী-১ টি (হালনাগাদ বইপত্র, ম্যাগাজিন, জার্নাল ইত্যাদি সহ ৫০ জন ছাত্র-ছাত্রী পাঠ্য উপযোগী প্রয়োজনীয় আসবাপত্রে সুসজ্জিত)।
(১২) প্রেয়ার রুম-১টি।
(১৩) অধ্যক্ষের অফিস (পিএর কক্ষসহ কম্পিউটার ও প্রয়োজনীয় আসবাবপত্রে সুসজ্জিত সুপরিসর কক্ষ)।
(১৪) উপাধ্যক্ষের অফিস কক্ষ -১ টি।
(১৫) অধ্যাপক অফিস কক্ষ (সংখ্যা অনুযায়ী একটি হিসেবে প্রয়োজনীয় আসবাব পত্রে সুসজ্জিত)

<u>হোস্টেল বা আবাসিক ব্যবস্থাঃ</u>

ছাত্র-ছাত্রীদের সংখ্যা অনুযায়ী প্রয়োজনীয় আসবাবপত্রসহ পৃথক আবাসিক ব্যবস্থা থাকতে হবে। যাতে ছাত্র-ছাত্রী নিরাপত্তার মধ্যে থেকে সুষ্ঠুভাবে শিক্ষা কার্যক্রম নির্বাহ করতে পারে।

<u>নার্সিং ইনস্টিটিউট/ডিপ্লোমা নার্সিং কোর্সের জন্য প্রযোজ্যঃ</u>

(১) শ্রেণী কক্ষ প্রতি ৫০ জনে-১টি।
(২) প্রয়োজনীয় আসবাব পত্রে সজ্জিত ল্যাবরেটরী-৭টি (নার্সিং ল্যাব, নিউট্রিশন ল্যাব, মাইক্রোবাইলোজী ল্যাব, এনাটমি ল্যাব, ফিজিওলজী ল্যাব, কম্পিউটার ল্যাব, মিডওয়াইফারী ল্যাব) ।
(৩) কমন রুম-১ টি (ছাত্র-ছাত্রীদের জন্য উপযুক্ত পরিসরে ও প্রয়োজনীয় আসবাবপত্র সহ)।
(৪) লাইব্রেরী-১ টি (হালনাগাদ বইপত্র, ম্যাগাজিন, জার্নাল ইত্যাদি সহ ৫০ জন ছাত্র-ছাত্রী পাঠ্য উপযোগী প্রয়োজনীয় আসবাবপত্রে সুসজ্জিত)।
(৫) প্রেয়ার রুম-১টি।
(৬) অধ্যক্ষের অফিস।
(৭) বিভাগীয় প্রধানদের পৃথক পৃথক অফিস কক্ষ।
(৮) শিক্ষকদের জন্য অফিস কক্ষ।
(৯) কনফারেন্স রুম-১টি।
(১০) জেনারেল অফিস কক্ষ-১টি।
(১১) হিসাব রক্ষক ও ক্যাশিয়ারের কক্ষ-১টি।
(১২) অডিও ভিজুয়াল এড রুম-১টি।
(১৩) স্টোর রুম-১টি।
(১৪) শ্রেণী কক্ষ, অফিস কক্ষ সংলগ্ন ও সাধারন ব্যবহারের জন্য প্রয়োজনীয় সংখ্যক প্রসাধন কক্ষ থাকতে হবে।

<u>* হোস্টেল বা আবাসিক ব্যবস্থা ঃ</u>

ছাত্র-ছাত্রীদের সংখ্যা অনুযায়ী প্রয়োজনীয় আসবাবপত্রসহ পৃথক আবাসিক ব্যবস্থা থাকতে হবে। যাতে ছাত্র-ছাত্রী নিরাপত্তার মধ্যে থেকে সুষ্ঠুভাবে শিক্ষা কার্যক্রম নির্বাহ করতে পারে।

৬.৪ এই নীতিমালা অনুসারে প্রাথমিকভাবে প্রতিশিক্ষা বর্ষে ৫০ জন ছাত্র/ছাত্রীকে ভর্তির অনুমোদন দেয়া যেতে পারে। পরবর্তীতে অবকাঠামো এবং পারফরমেন্স মূল্যায়ন করে ছাত্র/ছাত্রীর সংখ্যা বাড়ানো যেতে পারে। আসন সংখ্যা বৃদ্ধিকল্পে নার্সিং কলেজের ক্ষেত্রে অবশ্যই সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের সুপারিশক্রমে স্বাস্থ্য মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণ করতে হবে। ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে বাংলাদেশ নার্সিং কাউন্সিলের অনুমতি গ্রহণ করতে হবে। অনুমতি ব্যতিরেকে আসন সংখ্যা বৃদ্ধি করা হলে সকল ক্ষেত্রে বাংলাদেশ নার্সিং কাউন্সিলের সুপারিশক্রমে স্বাস্থ্য মন্ত্রণালয় অনুমোদন বাতিল করতে পারবে।

৬.৫ প্রতিষ্ঠানটির অনুমোদিত আসনের ৫ শতাংশ আসন দেশের দারিদ্র, মেধাবী ও যোগ্যতা সম্পন্ন ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত থাকতে হবে।

৬.৬ <u>শিক্ষার আবশ্যকীয় উপকরণঃ</u> বিষয়ভিত্তিক ব্যবহারিক শিক্ষার উপকরণসমূহ স্কেলিটন, সিমুলেটর, মানবদেহের যথেষ্ট সংখ্যাক হাড়, চকবোর্ড, হোয়াইট মার্কার বোর্ড, ওভার হেড প্রজেক্টর, ইন্টারনেট সুবিধাসহ কম্পিউটার প্রভৃতি থাকতে হবে।

৬.৭ <u>ক্লিনিক্যাল প্রাকটিসের আবশ্যিক সুযোগ-সুবিধা ঃ</u>

৬.৭ (১) বেসরকারী পর্যায়ে নার্সিং কোর্স চালু করতে হলে আবেদনকারী কর্তৃপক্ষের কমপক্ষে ১০০ বেডের জেনারেল হাসপাতাল থাকতে হবে। পাশাপাশি চিকিৎসা সেবা প্রদানের বিভিন্ন বিভাগ যেমন- মেডিকেল, সার্জিক্যাল , গাইনী, ইউরোলোজী , নিউরোলজি, অর্থোপেডিক, নাক-কান গলা, চক্ষু ও চর্ম বিভাগ থাকতে হবে। অন্যথায় বেসরকারী বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠানকে

কমপক্ষে ১০০ বেডের জেনারেল হাসপাতালের সাথে আইনানুগ চুক্তিভিত্তিক পার্টনারশীপ এগ্রিমেন্ট করে যৌথ প্রস্তাব পেশ করে অনুমোদনের যোগ্যতা অর্জন করতে পারবে। ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধির সাথে সাথে হাসপাতালের বেড সংখ্যাও বৃদ্ধি করতে হবে।

৬.৭ (২) প্র্যাকটিসের সময় শিক্ষার্থীদের সাথে যোগ্য বিষয়ভিত্তিক শিক্ষক/ইন্সট্রাক্টর অবশ্যই থাকতে হবে এবং যাতায়াতের জন্য যানবাহনের সু-ব্যবস্থা থাকতে হবে।

৬.৭ (৩) সরকারী হাসপাতালসমূহ নিজস্ব চাহিদা পুরণসাপেক্ষে সম্ভব হলে বেসরকারী প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের বাস্তব শিক্ষার সুবিধা প্রদান করবে।

৬.৮ ছাত্র-ছাত্রী ভর্তির যোগ্যতা ও কোর্সের মেয়াদ ঃ

৬.৮(১) বিএসসি নার্সিং কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের ও ডিপ্লোমা নার্সিং কোর্সে ভর্তির জন্য সরকারী ভর্তি নীতিমালা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।

৬.৮(২) বেসরকারী প্রতিষ্ঠানের প্রথম ব্যাচ বের হওয়ার পর বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে তবে তাদের সংখ্যা মোট আসন সংখ্যার এক তৃতীয়াংশের (১/৩) অধিক হতে পারবেনা।

৬.৯ শিক্ষক/জনবল ও বেতন ভাতাদি ঃ

৬.৯ (১) বিএসসি নার্সিং এর জন্য ঃ UGC/Public বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় জনবল ও বেতন ভাতা নির্ধারিত হতে হবে।

জনবল (আবশ্যিক) ঃ বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে নিজ নিজ অর্গানোগ্রাম অনুসরণী ।

-প্রিন্সিপাল, ভাইস প্রিন্সিপাল ও বিভাগীয় প্রধান, অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক, প্রভাষক, ক্লিনিক্যাল ইন্সট্রাক্টর, ডেমোনেস্ট্রেটর।

শিক্ষক নিয়োগের যোগ্যতা ঃ বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে নিজ নিজ অর্গানোগ্রাম অনুসরণীয়।

-প্রিন্সিপাল পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে মাস্টার্স ইন নার্সিং/এমপিএইচ অথবা নার্সিং রিলেটেড ফিল্ডে মাস্টার্সসহ ০৭ (সাত) বছরের নার্সিং শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

-ভাইস প্রিন্সিপাল/বিভাগীয় প্রধান এর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে মাস্টার্স ইন-নার্সিং/এমপিএইচ অথবা নার্সিং রেলেটেড ফিল্ডে মাস্টার্সসহ ০৫ (পাঁচ) বছরের নার্সিং শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

-শিক্ষক এর ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা নার্সিং বা মেডিকেল সায়েন্স এর বিভিন্ন বিষয়ে মাস্টার্স বা সমপর্যায়ের অথবা বিএসসি নার্সিং/পাবলিক হেলথ্ নার্সিং হতে হবে (তবে ক্ষেত্র বিশেষে যোগ্যতা শিথিল করা যেতে পারে) তৎসহ অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক, প্রভাষক, ক্লিনিক্যাল ইন্সট্রাক্টর এর ক্ষেত্রে UGC/Public বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী যোগ্যতা থাকতে হবে। (তবে ক্ষেত্র বিশেষে যোগ্যতা শিথিল করা যেতে পারে)।

অফিস ষ্টাফ ঃ বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে নিজ নিজ অর্গানোগ্রাম অনুসরণীয় ।

প্রয়োজনমত দক্ষ ও যোগ্য অফিস ষ্টাফের ব্যবস্থা থাকতে হবে। লাইব্রেরীয়ান ও সহকারী লাইব্রেরীয়ান, একাউন্টেন্ট, উচ্চমান সহকারী, অফিস সহকারী/কম্পিউটার অপারেটর, প্রহরী, সুইপার, ক্লিনার;

ডিপ্লোমা নার্সিং কোর্স এর জন্য জনবল ঃ

– প্রিন্সিপাল -১ জন (শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে বি.এস.সি নার্সিং/বি.এস.সি পাবলিক হেলথ্ নার্সিংসহ ০৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা সম্পন্ন)।

–নার্সিং ইনস্ট্রাক্টর ঃ তাত্ত্বিক শিক্ষার জন্য ছাত্রী-শিক্ষক অনুপাত ২০:১ জন। ব্যবহারিক শিক্ষার জন্য ছাত্রী–শিক্ষক অনুপাত ৮:১ জন।

– বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ/অভিজ্ঞ গেষ্ট লেকচারারের ব্যবস্থা থাকতে হবে।

অফিস ষ্টাফ ঃ বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে নিজ নিজ অর্গানোগ্রাম অনুসরণীয়।

প্রয়োজনমত দক্ষ ও যোগ্য অফিস ষ্টাফের ব্যবস্থা থাকতে হবে। অফিস স্টাফ ঃ হাউজ কিপার-০১, লাইব্রেরীয়ান -০২ জন, হেড এ্যাসিসটেন্ট কাম-একাউনটেন্ট -০১ জন, উচ্চমান সহকারী -০১ জন, অফিস সহকারী কাম-টাইপিস্ট/কম্পিউটার অপারেটর-০১ জন, ক্যাশিয়ার -০১ জন, ড্রাইভার-০১ জন, দপ্তরী -০১ জন, এমএলএসএস - ০৫ জন (মশালচি ও টেবিলবয়সহ), কুক (বাবুর্চি) -০৩ জন।

৬.৯ (২) বেসরকারী প্রতিষ্ঠানগুলো তাদের প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী বেতন ও ভাতাদি প্রদান করবে। তবে ইহা কোন অবস্থায় সরকারী বেতন স্কেলের কম হবে না।

৬.১০ <u>কোর্স কারিকুলাম</u> ঃ

বাংলাদেশ নার্সিং কাউন্সিল অর্ডিন্যান্স ১৯৮৩ (১৯৮৩ সালের ৬১ নং অর্ডিন্যান্স) এর ১৯ (আই) অনুযায়ী নার্সিং কাউন্সিল একটি ইউনিফর্ম নূন্যতম স্ট্যান্ডার্ড প্রশিক্ষণ কোর্স নিশ্চিত করবে। প্রতি তিন বছর অন্তর অন্তর নার্সিং কাউন্সিল তা মূল্যায়ন করে পরিবর্তন ও পরিবর্ধন করতে পারবে। এই ইউনিফর্ম কোর্স এর ভিত্তিতে পরবর্তীতে প্রত্যেকটি অনুমোদিত প্রতিষ্ঠান/ বিশ্ববিদ্যালয় / ইনষ্টিটিউট নিজ নিজ আধুনিক পাঠ্যসূচী তৈরী করবে যাতে দেশ ও বিদেশের শিক্ষা ব্যবস্থার সাথে সামঞ্জস্য বিধান করা যায়। তবে এক্ষেত্রে ন্যূনতম পাঠ্যসূচীকে অন্তর্ভূক্ত করে অতিরিক্ত পাঠ্যসূচী অন্তর্ভূক্ত করতে পারবে। পরিবর্তিত পাঠ্যসূচীর অনুলিপি নার্সিং কাউন্সিলকে দাখিল করতে হবে।

৬.১১ <u>কার্যক্রম মূল্যায়ণ ও পর্যালোচনা এবং অনুমোদন বাতিল</u> ঃ

বাংলাদেশ নার্সিং কাউন্সিল, কোর্স কার্যক্রমের যথাযথ বাস্তবায়ন, গুণগত মানের মূল্যায়ণ ও মান পর্যালোচনা করবে। প্রতিষ্ঠানের কারিকুলাম অনুসরণে সেমিষ্টার বা কোর্স পদ্ধতিতে ব্যবহারিক ও তাত্ত্বিক পরীক্ষাসমূহ অনুষ্ঠিত হবে। ব্যবহারিক কার্যক্রমসমূহ যাতে নিয়ম অনুযায়ী হয় এবং প্রতিটি ছাত্র-ছাত্রী যাতে হাসপাতালে নিয়মিতভাবে অংশগ্রহণের মাধ্যমে ব্যবহারিক বিষয় সম্পর্কে অনুশীলন করতে পারে, এ বিষয়ে নার্সিং কাউন্সিল প্রতি বৎসরে কমপক্ষে একবার প্রতিষ্ঠান পরিদর্শন করে ব্যবহারিক কার্যক্রম পর্যালোচনা করবে। এ ব্যাপারে কাউন্সিল কোন ধরণের ত্রুটি প্রমাণ পেলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়কে সুপারিশ করতে পারবে। স্বাস্থ্য মন্ত্রণালয় পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে অনুমোদন বাতিলসহ যে কোন ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

৬.১২ বেসরকারী নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষাকার্যক্রমের কোয়ালিটি এ্যাসুরেন্স এর জন্য বাংলাদেশ নার্সিং কাউন্সিল একটি এ্যাক্রিডিটেশন কমিটি গঠন করতে পারবে। উক্ত কমিটির কার্যক্রমকে সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নার্সিং কাউন্সিল একটি নির্দিষ্ট পরিমানের ফি আরোপ করতে পারবে যা এ্যাক্রিডিটেশন সংক্রান্ত পরিদর্শন ও অন্যান্য খরচের জন্য ব্যয় করা হবে।

৬.১৩ বেসরকারী ভাবে পরিচালিত নার্সিং কোর্সের কর্মপ্রক্রিয়া সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়/নার্সিং কাউন্সিল প্রথম ৫ (পাঁচ) বছর পর্যন্ত বছরে ন্যূনতম একবার এবং পরবর্তীতে প্রতি ২ (দুই) বছর পরপর ন্যূনতম একবার উক্ত প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করবে।

৭. অন্যান্য আবশ্যিক শর্তাবলীঃ

৭.১ <u>বাজেট বরাদ্দ</u> ঃ নার্সিং কোর্স পরিচালনার জন্য পর্যাপ্ত পরিমাণ বাৎসরিক বাজেটের সংস্থান থাকতে হবে এবং প্রাথমিক আবেদনপত্রের সাথে এ সংক্রান্ত তথ্য প্রমাণাদি পেশ করতে হবে।

৭.২ বেসরকারী প্রতিষ্ঠানটি যথাযথভাবে যাবতীয় হিসাব সংরক্ষণ করবে এবং সরকারী নীতিমালা অনুযায়ী ট্যাক্স ও ভ্যাট প্রদান করবে। যোগ্যতা সম্পন্ন রেজিস্টার্ড অডিট ফার্ম দ্বারা প্রতি আর্থিক বৎসরের হিসাব নিরীক্ষা করাত হবে।

৭.৩ বেসরকারী পর্যায়ে বিএসসি (নার্সিং) কোর্স চালুর জন্য ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা এবং ডিপ্লোমা নার্সিং কোর্স চালুর জন্য ১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকা ফিক্সড ডিপোজিট থাকতে হবে, যা কোন পরিস্থিতিতেই উত্তোলন করা যাবে না। তবে এ টাকা থেকে আয়ের অর্থ খরচ করা যেতে পারে। আবেদনপত্রের সাথে ফিক্সড ডিপোজিট সংক্রান্ত ব্যাংক প্রদত্ত প্রত্যয়নপত্র অবশ্যই দাখিল করতে হবে। তবে বেসরকারী বিশ্ববিদ্যালয়/ মেডিকেল কলেজ -এ বিএসসি (নার্সিং) পরিচালনার জন্য ফিক্সড ডিপোজিট রাখতে হবেনা।

৭.৪ বেসরকারী পর্যায়ে নার্সিং কোর্স পরিচালনার জন্য অনুমোদনের আবেদনের সঙ্গে বাংলাদেশ নার্সিং কাউন্সিল বরাবর ৫০,০০০/= (পঞ্চাশ হাজার) টাকার অফেরৎযোগ্য ব্যাংকে ড্রাফট জমা দিতে হবে।

৭.৫ বেসরকারী পর্যায়ে যে সব প্রতিষ্ঠানকে বিএসসি নার্সিং/ডিপ্লোমা উত্তর বিএসসি নার্সিং কোর্স চালুকরণ/স্থাপনের অনুমোদন দেয়া হবে, সে সব প্রতিষ্ঠান পর্যাপ্ত সংখ্যক শিক্ষক ও অবকাঠামো বৃদ্ধির মাধ্যমে নার্সিং এ স্নাতকোত্তর নার্সিং ডিগ্রী পরিচালনা করতে পারবে। তবে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকে একাডেমিক কার্যক্রমের স্বীকৃতি অবশ্যই নিতে হবে।

৭.৬ বেসরকারী পর্যায়ে যে সব প্রতিষ্ঠানকে বিএসসি নার্সিং/ডিপ্লোমা উত্তর বিএসসি নার্সিং কোর্স চালুকরণ/স্থাপনের অনুমোদন দেয়া হবে সে সব প্রতিষ্ঠান নার্সিং কাউন্সিল কর্তৃক নির্ধারিত পর্যাপ্ত সংখ্যক শিক্ষক ও অবকাঠামো বৃদ্ধির মাধ্যমে নার্সিং কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে মিডওয়াইফারী ও অন্যান্য বিষয়ে ১ বছর মেয়াদী ডিপ্লোমা কোর্স চালু করতে পারবে। তবে নার্সিং কাউন্সিল কর্তৃক অনুমোদিত পাঠ্যসূচী অনুসরণ করবে।

৮. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত কোন ক্রমেই শিক্ষা কার্যক্রম চালু করা যাবে না।

৯. উল্লেখিত নীতিমালা পালিত না হলে সরকার যে কোন সময় ৬ (ছয়) মাসের নোটিশে বেসরকারী নার্সিং কলেজ/ইনস্টিটিউট এর কোর্স বন্ধ করে দিতে এবং প্রচলিত আইন অনুযায়ী উদ্যোক্তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে। এ ব্যাপারে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সিদ্ধান্তই চ‚ড়ান্ত বলে গন্য হবে।

১০. বাংলাদেশ সরকার যে-কোন সময় প্রয়োজন মত এই নীতিমালা পরিবর্তন, পরিবর্ধন এবং সংশোধন করতে পারবে।

এ নীতিমালা ০৭-১২-২০০৮ হতে কার্যকর হবে।

১২/০৭/০৯
(ফেরদৌসী আখতার)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৭২৭৭৯

নং স্বাপকম/নাসা/বিএনসি/(অর্ডিন্যান্স) -২/২০০৮/

তারিখ ২৮/০৩/১৪১৬ বাং
১২/০৭/২০০৯ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
৩। যুগ্মসচিব, (হাসপাতাল ও নার্সিং) স্বাস্থ্য ওপরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। পরিচালক, হাসপাতাল, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। পরিচালক, সেবা পরিদপ্তর ১৪-১৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা।
৬। রেজিষ্ট্রার, বাংলাদেশ মেডিক্যেল ও ডেন্টাল কাউন্সিল ২০৩ শহীদ নজরুল ইসলাম সরনী, ঢাকা।
৭। রেজিষ্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল, ২০৩ শহীদ নজরুল ইসলাম সরনী, ঢাকা।
৮। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (গেজেট প্রকাশের অনুরোধসহ)।

১২/০৭/০৯
(ফেরদৌসী আখতার)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৭২৭৭৯

অনুলিপি ঃ

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মাননীয় সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। উপ-সচিব (নার্সিং ও জিআই) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। উপ-সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

## পরিশিষ্ট-ক

উদ্যোক্তার অনুমোদিত প্রজেক্ট প্রোফাইল ঃ

১. প্রজেক্টের নামঃ ----------------------------------

২. প্রাথমিকভাবে প্রজেক্টের অনুমোদন ব্যয়ের পরিমাণঃ ----------------------------------

৩. ঠিকানাঃ ----------------------------------

৪. প্রতিষ্ঠানটির অবস্থানঃ-

(ক) প্রতিষ্ঠানটির সম্মুখস্থ রাস্তা ও পারিপার্শ্বিক অবস্থার বিবরণ।
(খ) প্রতিষ্ঠানটির ভৌত অবকাঠামো ও ভবনটির স্থাপত্য নক্সার কপিসহ পূর্ণাঙ্গ বিবরণ।

৫. প্রকল্পের সময়কাল (কত বৎসর বা মাস)ঃ ----------------------------------

৬. প্রতিষ্ঠানটির নির্মাণ কাজ ঃ শুরু ---------------------- শেষ ----------------------

৭. প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ ----------------------------------

৮. জমির পরিমাণঃ ----------------------------------

৯. স্কেচ ম্যাপসহ জমির পূর্ণাঙ্গ বিবরণঃ ----------------------------------

১০. প্রতিষ্ঠানটির জনবলের পূর্ণাঙ্গ বিবরণঃ ----------------------------------

১১. প্রতিষ্ঠানের আসবাবপত্র, যন্ত্রপাতি ও শিক্ষা উপকরণের তালিকাঃ ----------------------------------
----------------------------------

১২. প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কাঠামো ও পদ্ধতিঃ ----------------------------------

১৩. প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলের পরিমাণ, ব্যাংকের নাম ও হিসাব নম্বরঃ ----------------------------------

১৪. প্রস্তাবিত কোর্সের নাম ও মেয়াদ (যার জন্য অনুমোদন চাওয়া হয়েছে)ঃ ----------------------------------

১৫. আসন সংখ্যাঃ ----------------------------------

১৬. প্রতিষ্ঠানটির সাথে সংযুক্ত হাসপাতালের নাম, এর দুরত্ব ও শয্যা সংখ্যাঃ ----------------------------------

১৭. ঐ হাসপাতালে বর্তমানে কোন কোন্ বিভাগে চিকিৎসা প্রদান করা হয় ? ----------------------------------

১৮. অঙ্গীকার নামা।

স্বাক্ষর
নাম ও পদবী
প্রতিষ্ঠানের সিল ও তারিখ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
( নার্সিং শাখা )

নং-৪৫.১৫৮.০২২.০০.০০.০৭২.২০১৩-৫৬৫ তারিখঃ ০৩ অগ্রহায়ণ ১৪২৩ / ১৭ নভেম্বর ২০১৬

**বিষয়ঃ বেসরকারী পর্যায়ে নার্সিং কলেজ/নার্সিং প্রতিষ্ঠান স্থাপন ও নার্সিং কোর্স চালুকরণ সংক্রান্ত নীতিমালা আংশিক সংশোধন।**

বেসরকারী পর্যায়ে নার্সিং কলেজ/নার্সিং প্রতিষ্ঠান স্থাপন ও নার্সিং কোর্স চালুকরনের বিষয়ে এ মন্ত্রণালয় থেকে সূত্রে বর্ণিত প্রজ্ঞাপনে জারিকৃত নীতিমালায় গঠিত টেকনিক্যাল কমিটি/পরিদর্শন কমিটি সংশোধপূর্বক নিম্নোক্তভাবে টেকনিক্যাল/পরিদর্শন কমিটি গঠন করা হলো:

| নীতিমালার অনুচ্ছেদ | টেকনিক্যাল/পরিদর্শন কমিটি |
|---|---|
| ৫.৩ | এমএসসি ও বিএসসি নার্সিং কোর্সের জন্য: |

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | -সভাপতি |
| ২. | সিনিয়র সহকারী সচিব (নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | -সদস্য |
| ৩. | পরিচালক (ভারপ্রাপ্ত), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর | -সদস্য |
| ৪. | রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল | -সদস্য সচিব |

| | |
|---|---|
| ৫.৪ | ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সের জন্য: |

| | | |
|---|---|---|
| ১. | যুগ্মসচিব/উপসচিব (নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | -সভাপতি |
| ২. | সিনিয়র সহকারী সচিব (নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | -সদস্য |
| ৩. | পরিচালক/উপযুক্ত প্রতিনিধি, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর | -সদস্য |
| ৪. | রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল | -সদস্য সচিব |

২। উল্লেখ্য বিশেষ প্রয়োজনে সময়ে সময়ে অতিরিক্ত সচিব (শৃংখলা ও নার্সিং) এর প্রতিভূ হিসেবে যুগ্মসচিব (নার্সিং)/উপসচিব (নার্সিং)কে পরিদর্শনের অনুমতি প্রদান করা যেতে পারে।

৩। উক্ত নীতিমালার অন্যান্য নীতি ও কমিটি অপরিবর্তীতে থাকবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো এবং এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বা:
( মোঃ লুৎফর রহমান )
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৭৭৯

নং-৪৫.১৫৮.০২২.০০.০০.০৭২.২০১৩- তারিখঃ ৩ অগ্রহায়ণ ১৪২৩ / ১৭ নভেম্বর ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব..........................................................(সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মহা-পরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা ।
৩। যুগ্মসচিব (নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। পরিচালক (ভারপ্রাপ্ত), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,শেরে বাংলানগর নার্সিং কলেজ একাডেমিক ভবন,শেরে বাংলানগর, ঢাকা।
৬। সিস্টেম এনালিস্ট,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা।

১৭/১১/২০১৬
( মোঃ লুৎফর রহমান )
সিনিয়র সহকারী সচিব